



## চ্যালেঞ্জের প্রবিধান

নম্বর: A-802

বিষয়: GPS সরঞ্জাম সংস্থাপন ও প্রশিক্ষণ এবং বাস রুটের পরীক্ষামূলক পরিচালনা

শ্রেণী: শিক্ষার্থী পরিবহন

ইস্যুর তারিখ: 12 অগাস্ট, 2022

### পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 20 জুন, 2019 তারিখে জারিকৃত চ্যালেঞ্জের প্রবিধান A-802-কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়।

### পরিবর্তনসমূহ:

- সারসংক্ষেপটি প্রবিধানের অন্যান্য সংশোধনের সাথে সামঞ্জস্য রেখে হালনাগাদ করে।
- বাস কম্পানিসমূহের আইনগতভাবে এবং/অথবা চুক্তিগতভাবে আবশ্যিক বাস ড্রাইভার, কর্মী, এবং/অথবা অ্যাটেন্ড্যান্টদের জন্য প্রশিক্ষণ প্রদান বাস্তবায়নের শর্তাবলী সুস্পষ্ট করে (সেকশন II.A)।
- একটি ফেডারেল কোর্টের আদেশ অনুযায়ী বাস ড্রাইভার ও অ্যাটেন্ড্যান্টদের জন্য আবশ্যিক গ্লুকাগন প্রদানের প্রশিক্ষণ সংক্রান্ত একটি নতুন নিয়ম যোগ করে (সেকশন II.B)।

### সারসংক্ষেপ

এই প্রবিধান সেসব নিয়ম ধার্য করে যা উল্লিখিতগুলো নিয়ন্ত্রণ করে: রেকর্ডিংয়ের উদ্দেশ্যে বাধ্যতামূলক সরঞ্জাম এবং/অথবা ডিভাইস সংস্থাপন ও ব্যবহার, যানবাহন এবং/অথবা শিক্ষার্থীর অবস্থান সম্পর্কিত তথ্য রিপোর্ট করা অথবা ট্র্যাকমিট করা; এবং বাস ড্রাইভার এবং অ্যাটেন্ড্যান্ট প্রশিক্ষণ এবং বাস রুট পরীক্ষামূলক পরিচালনা বাধ্যতামূলক করা।

- I. গ্লোবাল পজিশনিং সিস্টেম (বৈশ্বিক অবস্থান নির্ণয় ব্যবস্থা, GPS), সংশ্লিষ্ট ইকুইপমেন্ট (যন্ত্র) এবং শর্তাবলী
  - A. GPS ট্র্যাকিং হলো গ্লোবাল পজিশনিং সফটওয়্যার এবং সরঞ্জাম ব্যবহার করে দূর থেকে বা রিমোটভাবে কোনো কিছু বা বস্তু কোথায় আছে সেটার অবস্থান নজরদারি করা।
  - B. বোর্ড অভ এডুকেশনের শিক্ষার্থী পরিবহনের জন্য 30 জুন, 2018 বা তার পরবর্তিতে কার্যকর চুক্তিবদ্ধ এবং মেয়াদ বর্ধিতকৃত সকল বাস কোম্পানিকে স্কুল বাসের অবস্থান ও বাসে শিক্ষার্থী আরোহণের

খোঁজ রাখা ও তাৎক্ষণিকভাবে অবহিত করা ("ট্র্যাকিং সিস্টেম") এবং এ ধরনের ট্র্যাকিং সিস্টেম শিক্ষার্থী পরিষেবায় নিয়োজিত সকল বাসে বাধ্যতামূলকভাবে 1 জুলাই, 2019-এর পর বোর্ড অভ এডুকেশনের মনোনীত GPS ইকুইপমেন্ট ও সংশ্লিষ্ট সফটওয়্যার সংস্থাপন করতে হবে।

- C. ট্র্যাকিং সিস্টেম অবশ্যই সবগুলো বাসে সকল স্কুল দিবসে শিক্ষার্থী পরিবহনকালে ব্যবহারোপযোগী হতে হবে, এবং ট্র্যাকিং সিস্টেম-এর অন্তর্ভুক্ত সকল ডেটা বোর্ড অভ এডুকেশনের দায়িত্বপ্রাপ্ত স্টাফ-এর দেখার সুযোগ থাকতে হবে।

## II. সাধারণ প্রশিক্ষণ নীতি এবং প্রাসঙ্গিক শর্তাবলী

- A. বার্ষিক পর্যালোচনা এবং অন্যান্য আইনগত এবং/অথবা চুক্তিবদ্ধভাবে আবশ্যিক বাস ড্রাইভার, কর্মী, এবং/অথবা অ্যাটেন্ডেন্টদের প্রশিক্ষণের পাশাপাশি বোর্ড অভ এডুকেশনের শিক্ষার্থী পরিবহনের জন্য 30 জুন, 2018 বা তার পরবর্তিতে কার্যকর আইনগত এবং/অথবা চুক্তিবদ্ধ এবং/অথবা মেয়াদ বর্ধিতকৃত সকল বাস কোম্পানিকে বাধ্যতামূলকভাবে 1 জুলাই, 2019-এর পরে বাস চালক, কর্মচারী, এবং/অথবা অ্যাটেন্ডেন্টদের জন্য প্রশিক্ষণ এবং/অথবা বাস রুট-এর পরীক্ষামূলক পরিচালনা এবং/অথবা ট্র্যাকিং সিস্টেম ব্যবহারের প্রশিক্ষণের দিন-এর ব্যবস্থা রাখতে হবে।
- B. একটি ফেডারেল আদালতের আদেশের অনুবর্তিতার জন্য এবং স্টেট-অনুমোদিত নিরাপত্তা প্রশিক্ষণের সাথে সামঞ্জস্যপূর্ণ, বোর্ড অভ এডুকেশন পিউপল ট্রান্সপোর্টেশন-এর চুক্তি এবং/অথবা অতঃপর মেয়াদ বর্ধিতকৃত সকল বাস কোম্পানি বোর্ড অভ এডুকেশন দ্বারা ধার্য শেষ সময়সীমার মধ্যে অবশ্যই: নিশ্চিত করবে যে সকল বাস ড্রাইভার এবং অ্যাটেন্ডেন্টগণ যাদের নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) একটি ডায়াবেটিস মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম সহ শিক্ষার্থীকে পরিবহনকারী হিসেবে শনাক্ত করে তারা বার্ষিক গ্লুকোজ প্রদানের (একটি ডায়াবেটিস সংক্রান্ত জরুরী পরিস্থিতিতে প্রদানের ঔষধ) প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে; এবং DOE-কে প্রশিক্ষণ অনুবর্তিতার প্রমাণ প্রদান করেছে।

## III. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Pupil Transportation  
NYC Department of Education  
44-36 Vernon Blvd., 6<sup>th</sup> Floor  
Long Island City, NY 11101  
Telephone: 718-707-4343